

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)
শিক্ষা ভবন, ঢাকা।



স্মারক নং- মাউশি/সেসিপ/ডাটা এন্ট্রি/৩-৪/২০১৪/৫৬৩

তারিখ: ২৪/০২/২০১৯ খ্রি.

বিষয়: ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে উপবৃত্তির জন্য বিধি মোতাবেক নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে উপবৃত্তির জন্য বিধি মোতাবেক নির্বাচিত শিক্ষার্থীর তথ্য www.sesip.gov.bd ওয়েব সাইট এর টপ ম্যানু Online Stipend Application এর মাধ্যমে আগামী ০১/০৩/২০১৯ - ১৫/০৩/২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। (বিস্তারিত জানার জন্য User Manu অথবা Help Line এর সহায়তা নেয়া যেতে পারে।)

শর্তাবলী:

- ০১। ৬ষ্ঠ শ্রেণির ক্ষেত্রে পিএসসি/ইবতেদায়ি পাশের মূল সনদ/মার্কশীট যাচাইপূর্বক ভর্তিকৃত মোট ছাত্রের ২০% এবং মোট ছাত্রীর ৩০% উপবৃত্তির জন্য অন্তর্ভুক্তি নিশ্চিত করা।
- ০২। ৯ম শ্রেণির ক্ষেত্রে জেএসসি/জেডিসি পাশের মূল সনদ/মার্কশীট যাচাইপূর্বক ভর্তিকৃত মোট ছাত্রের ২০% এবং মোট ছাত্রীর ৩০% উপবৃত্তির জন্য অন্তর্ভুক্ত করা।
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক যাচাই পরবর্তীতে SPSU কর্তৃক যাচাইয়ের জন্য ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে মোট ভর্তিকৃত শিক্ষার্থীর মূল সনদ/মার্কশীট তার অফিসে ০২ (দুই) মাস সংরক্ষণ করতে হবে।
- ০৪। প্রতিষ্ঠান ভিত্তিক শিক্ষার্থী নির্বাচন কমিটি এবং উপজেলা এ্যাডভাইজারি কমিটির রেজুলেশন যাচাইপূর্বক সংরক্ষণ করতে হবে।
- ০৫। ৫০ শতাংশের কম ভূমির মালিক এবং বার্ষিক আয় ৩০,০০০/- টাকার নিম্নে এমন পিতা/অভিভাবকের শিক্ষার্থী অন্তর্ভুক্ত হবে;
- ০৬। এতিম, অনাথ, বিকলাঙ্গ, বাক ও শ্রবণ প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী, শারীরিক প্রতিবন্ধী ও দৃষ্টিবৈকল্য শিক্ষার্থী অন্তর্ভুক্ত হবে;
- ০৭। অসমর্থ মুক্তিযোদ্ধার সন্তান এবং উপার্জনে ঔসমর্থ (যেমন: বিকলাঙ্গ/পঙ্গু, অন্ধ, বোবা ইত্যাদি) পিতা/মাতার সন্তান অন্তর্ভুক্ত হবে;
- ০৮। নদী ভাঙ্গন কবলিত/বাস্তুরাহারা ও অস্বচ্ছল পরিবারের সন্তান অন্তর্ভুক্ত হবে;
- ০৯। নিম্ন আয়ের শ্রমজীবী (যেমন: রিক্সাচালক, দিনমজুর ইত্যাদি) অভিভাবকের সন্তান অন্তর্ভুক্ত হবে;
- ১০। সংশ্লিষ্ট উপজেলায় অধুনালুপ্ত ছিটমহলের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রচলিত বিধি অনুযায়ী উপবৃত্তির আওতায় আনতে হবে;
- ১১। অনলাইনে তথ্য প্রেরণের শেষ তারিখ আগামী ১৫/০৩/২০১৯।

* উল্লেখ্য যে, আগামী ১৫/০৩/২০১৯ তারিখের মধ্যে সঠিকভাবে অনলাইনে তথ্য প্রেরণ না করলে এবং পরবর্তীতে প্রয়োজনীয় কাগজপত্র এবং তথ্য যাচাইকালে কোন ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে/উপজেলায় উপবৃত্তি কার্যক্রম স্থগিত রাখা হতে পারে এবং এ কারণে কোন শিক্ষার্থী উপবৃত্তি হতে বঞ্চিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে/ব্যক্তিকে দায়িত্ব বহন করতে হবে।



মো. আবু হাইদ শেখ
(অতিরিক্ত সচিব)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
ফোন: ৯৫৫৩৭১২

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সেসিপ এর ৫৪ উপজেলা)

উপজেলা: জেলা:.....

অনুলিপি:

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. অফিস কপি।